অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

GOVERNOR HOCHUL ANNOUNCES গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য সাশ্রয়ী ব্রডব্যান্ড ইন্টারনেট অ্যাক্সেস নিয়ে আসতে 10 মিলিয়ন ডলারের কানেক্টঅল পাইলট ইনিশিয়েটিভের প্রথম পর্যায়ের সমাপ্তি সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির বিদ্যুৎ পরিবহন ব্যবস্থা শেরবোর্ন ভিলেজ এবং নিকোলস টাউনের 2,000 এরও বেশি অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানের জন্য উচ্চ-গতির ইন্টারনেটের অ্যাক্সেস প্রদানের সক্ষমতা তৈরি করছে

ConnectALL এবং Sherburne-এর অগ্রগতির ভিডিও দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের ConnectALL কর্মসূচির একটি বৃহৎ মাইলফলক হিসেবে নিউ ইয়র্কের প্রথম মিউনিসিপ্যাল ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। এই নেটওয়ার্ক ConnectALL 21 শতকের মিউনিসিপ্যাল অবকাঠামো পাইলট কর্মসূচির প্রথম ধাপ, যেটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) বিদ্যমান বিদ্যুৎ পরিবহন ব্যবস্থার উপর ফাইবার অপটিক অবকাঠামো ব্যবহার করে মে মাসেশুরু হয়েছিল এবং NYPA এবং শেরবোর্ন ভিলেজ ও নিকোলস টাউনের বাস্তবায়ন পরিকল্পনা অপ্টিমাইজ করার কারণে নির্ধারিত সময়সূচির চেয়ে এগিয়ে রয়েছে।

"ব্রডব্যান্ড সংযোগ বিদ্যুৎ ও পানির মতোই একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবায় পরিণত হয়েছে এবং কোনো নাগরিক যাতে এই অ্যাক্সেস থেকে বঞ্চিত না হয় সে বিষয়টি নিশ্চিত করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট দৃঢ় প্রতিজ্ঞ," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের ফেডারেল, স্টেট এবং অলাভজনক অংশীদারদের মধ্যকার সহযোগিতার সম্পর্ক ConnectALL কর্মসূচির দ্রুত অগ্রগতি অর্জন ও বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং নতুন বছরে আমরা এই কর্মসূচিকে আরো সম্প্রসারণ করতে পারবো বলে আশা করছি।"

চারটি মিউনিসিপ্যালিটি জুড়ে বিস্তৃত 10 মিলিয়ন ডলারের পাইলট প্রকল্পটির নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ফলে ইতোপূর্বে বঞ্চিত বা সুবিধাবঞ্চিত অবস্থায় থাকা 2,000 এরও বেশি পরিবার ও ব্যবসা প্রতিষ্ঠানের গ্রাহকের কাছে নির্ভরযোগ্য, উচ্চ-গতির ইন্টারনেট অ্যাক্সেস পৌঁছে দেওয়ার সক্ষমতা তৈরি হয়েছে। শেনাঙ্গো কাউন্টির শেরবোর্ন ভিলেজে নির্মাণকাজ সম্পন্ন হওয়া নেটওয়ার্কটির পাশাপাশি টিওগা কাউন্টির নিকোলস টাউনে নির্মাণকাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। মে মাসে শুরু হওয়া এই পাইলট কর্মসূচি গভর্নর হোকলের 2022 সালের স্টেট অব দ্য

স্টেট ভাষণে ঘোষণা করা 1 বিলিয়ন ডলারের কানেক্টঅল উদ্যোগের অংশ, যেটি স্টেটের ইতিহাসে ব্রডব্যান্ড খাতে সর্ববৃহৎ সরকারি বিনিয়োগ, যে বিনিয়োগের লক্ষ্য হচ্ছে সরকারি ও বেসরকারি বিনিয়োগ কাজে লাগিয়ে নিউ ইয়র্কের ডিজিটাল অবকাঠামোর রূপান্তর ঘটানো এবং স্টেটজুড়ে ব্রডব্যান্ড অ্যাক্সেস, সুলভতা ও সমতা সম্প্রসারণ করা।

শেরবার্ন ভিলেজ এবং নিকোলস টাউনের পাশাপাশি এই পাইলট কর্মসূচি লুইস কাউন্টির ডিয়ানা টাউনে এবং সেন্ট লরেন্স কাউন্টির পিটকেইর্ন টাউনে ফাইবার অপটিক অবকাঠামো নির্মাণ করছে।

NYPA এপ্রিল মাসে স্টেটের আইনসভা কর্তৃক প্রদত্ত অনুমোদন অনুযায়ী, "মিডল মাইল"-এর জন্য এটির বিদ্যমান ফাইবার অপটিক অবকাঠামো কাজে লাগিয়ে চারটি লোকেশনে ব্রডব্যান্ড স্থাপনের কাজ পরিচালনা করছে। শেরবোর্ন ইলেক্ট্রিক (Sherburne Electric), ডেভেলপমেন্ট অথরিটি অব দ্য নর্থ কান্ট্রি (Development Authority of the North Country), এবং সাদার্ন টিয়ার নেটওয়ার্ক (Southern Tier Network) লাস্ট মাইল ব্রডব্যান্ড অবকাঠামোর জন্য অংশীদার হয়েছে। বেসরকারি ইন্টারনেট পরিষেবা সরবরাহকারীরা অধিবাসীদের কাছে ইন্টারনেট পৌঁছে দেওয়ার জন্য সরকারি অবকাঠামো ব্যবহার করছে। শেরবোর্নের নতুন গ্রাহকরা পরিষেবা নেওয়ার জন্য প্রতি মাসে আনুমানিক 40 ডলার ব্যয় করছেন, যা ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service)-এর ইন্টারনেট পরিষেবার মূল্য সম্পর্কে 2022 সালের আঞ্চলিক জরিপের তথ্য অনুযায়ী শেনাঙ্গো কাউন্টিতে ব্রডব্যান্ডের গড় মূল্যের চেয়ে অনেক কম।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "একটি সরকারি ইউটিলিটি হিসেবে, NYPA-এর বিদ্যুৎ পরিবহন নেটওয়ার্ক বিদ্যুৎ পরিবহন করার পাশাপাশি নিউ ইয়র্কের দূরবর্তী কমিউনিটিগুলোতে ব্রডব্যান্ড পরিষেবার অ্যাক্সেস উন্নত করতে সাহায্য করার মাধ্যমে দ্বৈত দায়িত্ব পালন করছে। স্টেটজুড়ে ডিজিটাল বিভেদ দূরীকরণে সহায়তা করতে এবং শহুরে ও গ্রামীণ কমিউনিটিগুলোর মধ্যে অধিকতর সমতা তৈরি করতে আমরা আমাদের গ্রাহক, স্টেট অংশীদার এবং ব্রডব্যান্ড সেবা প্রদানকারীদের সঙ্গে কাজ করছি। এই অপরিহার্য পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক যে অগ্রগতি অর্জন করেছে তা নিয়ে এবং এই উদ্ভাবনমূলক কর্মসূচিতে NYPA-এর অবিচ্ছেদ্য ভূমিকা নিয়ে আমরা অত্যন্ত গর্বিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "বিদ্যমান ডিজিটাল বিভেদ দূর করার জন্য, বিশেষ করে স্টেটের গ্রামীণ এলাকাগুলোতে, আমাদের একসঙ্গে কাজ করা অপরিহার্য। সব নিউ ইয়র্কবাসীকে নির্ভরযোগ্য ও সাশ্রয়ী ইন্টারনেটের সাথে সংযুক্ত করার জন্য উদ্ভাবনমূলক সমাধানের প্রয়োজন এবং এই পাইলট কর্মসূচি হচ্ছে সেই কাজটি সম্পন্ন করার জন্য প্রতিটি স্তরে আমাদের সরকারি অংশীদারদের সঙ্গে আমাদের কাজ করে যাওয়ার একটি উপায়।"

আজকের ঘোষণা ConnectALL অফিসের অগ্রগতির ধারাকে অব্যাহত রাখছে, যার মধ্যে রয়েছে:

অবকাঠামোগত বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের অধীনে নিউ ইয়র্কের প্রথম অনুদান তহবিল প্রাপ্তি
নিউ ইয়র্ক স্টেটের ConnectALL অফিসকে যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগের (Department of Commerce) ব্রডব্যান্ড সমতা, অ্যাক্সেস, ও বিতরণ (Broadband Equity, Access, and Deployment) এবং ডিজিটাল সমতা আইনের কর্মসূচিগুলোর মাধ্যমে 7.2 মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দ করা হয়েছে। আগামী মাসগুলোতে, ConnectALL স্টেটজুড়ে নিউ ইয়র্কবাসীদেরকে স্টেটজুড়ে ব্রডব্যান্ড বিতরণ এবং ডিজিটাল সমতা বাস্তবায়ন সংক্রান্ত সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করতে সম্পৃক্ত করার জন্য ব্যবহার করবে। এসব পরিকল্পনা নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল বিভেদ দূর করার জন্য স্টেট ও ফেডারেল তহবিলগুলো স্টেট কর্তৃক কাজে লাগানোর রোডম্যাপ প্রদান করবে।

ব্রডব্যান্ড মূল্যায়ন কর্মসূচি (Broadband Assessment Program) এবং ইন্টারঅ্যাক্টিভ ব্রডব্যান্ড ম্যাপ চালু করা
ConnectALL ফেডারেল যোগাযোগ কমিশনের (Federal Communication Commission) জাতীয় ব্রডব্যান্ড ম্যাপের ভুলগুলো সংশোধনের জন্য স্টেটের সংস্থানসমূহ, স্থানীয় ও আঞ্চলিক সরকারের অংশীদারদের, এবং সাধারণ জনগণকে কাজে লাগাচ্ছে, যা IIJA-এর তরফ থেকে স্টেটের চূড়ান্ত তহবিল বরাদ্দকে অবহিত করবে। সম্প্রতি ConnectALL ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস-এর তৈরি করা স্টেটের সর্ব প্রথম, সুগভীর, ইন্টারঅ্যাক্টিভ ব্রডব্যান্ড ম্যাপ থেকে পাওয়া ডাটা কাজে লাগিয়ে নিউ ইয়র্কের 31,000-এরও বেশি ঠিকানা উল্লেখ করে একটি চ্যালেঞ্জ জমা দিয়েছে, যেসব ঠিকানা ফেডারেল ম্যাপে অন্তর্ভুক্ত করা হয়নি।

সাশ্রয়ী সংযোগ কর্মসূচির (Affordable Connectivity Program) মাধ্যমে ভোক্তাদের ব্রডব্যান্ড সংযোগের জন্য ভর্তুকি প্রদান সম্পর্কে প্রচারণা।
সম্প্রতি গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের 1 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে সাবস্ক্রাইব করেছে, যার বেশিরভাগ কৃতিত্ব নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য প্রতি মাসে 30 ডলার ব্রডব্যান্ড ভর্তুকি পাওয়ার সুযোগ সম্পর্কে সচেতনতা গড়ে তোলার জন্য চলমান, বহুসংস্থাভিত্তিক ও তৃণমূল পর্যায়ের প্রচেষ্টা।

ConnectALL সম্পর্কে আরো তথ্য ও আপডেট পেতে ভিজিট করুনwww.broadband.ny.gov ঠিকানায়।

শেরবোর্ন-এর মেয়র উইলিয়াম এইস বলেন, "এই ভিলেজকে বিদ্যুতের লোড নিয়ন্ত্রণ ও তদারক করার সুযোগ করে দিতে এবং একইসাথে আমাদের বিদ্যুৎ সেবার সব গ্রাহকের জন্য ইন্টারনেট পরিষেবা প্রদানকারীদেরকে উন্মুক্ত অ্যাক্সেস প্রদান করার জন্য একটি সর্বাধুনিক ফাইবার অপটিক নেটওয়ার্ক প্রদান করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। গভর্নর হোকলের ConnectALL কর্মসূচিতে প্রবেশ করার জন্য এরচেয়ে ভালো সময় আর হতে পারে না। ফাইবার অবকাঠামোতে এই বিনিয়োগ শেরবোর্নকে 1905 সালে বৈদ্যুতিক ব্যবস্থা যেভাবে উপকৃত করেছিল ঠিক একইভাবে উপকৃত করবে।"

স্টেট সিনেটর পিটার ওবার্যাকার বলেন, "নির্ভরযোগ্য, সাশ্রয়ী, অ্যাক্সেসযোগ্য উচ্চ-গতির ব্রডব্যান্ড অর্থনৈতিক উন্নয়ন, জরুরি পরিষেবা, শিক্ষা, ও মানসম্মত জীবনযাপনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রামীণ এলাকাগুলোতে অতি গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো নিয়ে আসতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির অবকাঠামো কাজে লাগানো জিতে যাওয়ার মতো একটি পরিকল্পনা, যা ব্রডব্যান্ড অ্যাক্সেস বৃদ্ধি করার ক্ষেত্রে সহযোগিতার সম্পর্ক স্থাপনের গুরুত্ব প্রদর্শন করছে। সামনের দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে কার্যক্রম সম্প্রসারণ করা এবং ডিজিটাল বিভেদ কমিয়ে আনা অব্যাহত রাখাকে অবশ্যই একটি শীর্ষ অগ্রাধিকার হিসেবে গ্রহণ করতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য জন লেমন্ডেজ বলেন, "ConnectALL-এর ব্রডব্যান্ড সম্প্রসারণ প্রকল্পের প্রথম ধাপের কাজ সম্পন্ন হওয়া এই বছর শেষ করার জন্য একটি দারুণ উপায়। সেন্ট্রাল নিউ ইয়র্কজুড়ে আরো বেশি সাশ্রয়ী ব্রডব্যান্ড অ্যাক্সেস প্রদানের জন্য কাজ করে যাওয়ার জন্য এই প্রচেষ্টার সংগঠক ও প্রকৌশলীদের প্রতি আমরা কৃতজ্ঞ এবং অবশিষ্ট মিউনিসিপ্যালিটিগুলোর সঙ্গে সংযোগ স্থাপনের জন্য আমরা আমার প্রতিবেশীদের সঙ্গে আগ্রহ নিয়ে অপেক্ষা করা চালিয়ে যাবো। দিন দিন ব্রডব্যান্ড একটি অপরিহার্য প্রয়োজনে পরিণত হচ্ছে, এবং সবার জন্য এটি প্রদান করতে নিউ ইয়র্ক ব্যাপক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।"

সাদার্ন টিয়ার নেটওয়ার্ক-এর প্রেসিডেন্ট ও CEO জেফরি গ্যাসপার বলেন, "টিওগা কাউন্টি, নিকোলস, NY, এবং হোম নেটওয়ার্কে STN ওপেন-অ্যাক্সেস ফাইবারে আমাদের শুরুর দিকের ISP, ফাইবারস্পার্ক (Fiberspark)-এর সঙ্গে অংশীদারিত্বের মধ্য দিয়ে, STN নিকোলস, NY-এর বঞ্চিত ও সুবিধাবঞ্চিত অধিবাসীদের জন্য ব্রডব্যান্ড পরিষেবা সরবরাহ করছে। নিকোলস, NY-এর প্রকল্পগুলোর সফলতা NYPA এবং ConnectALL অফিসের সঙ্গে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের সাদার্ন টিয়ার ও ফিঙ্গার লেকস অঞ্চলের আরো অন্যান্য এলাকায় ওপেন-অ্যাক্সেস ব্রডব্যান্ড নেটওয়ার্ক সম্প্রসারণ করতে STN-এর জন্য ব্লুপ্রিন্ট হিসেবে কাজ করবে।"

নিকোলস টাউনের সুপারভাইজার এস্থার উডস বলেন, "প্রথমে আমরা আমাদের কমিউনিটিতে উচ্চ-গতির ইন্টারনেট সরবরাহ করার জন্য অনুদান বরাদ্দ দেওয়ার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমাদের কমিউনিটি একসঙ্গে এগিয়ে এসেছে এবং ভার্চুয়াল স্কুল লেসন প্রদান এবং লোকজনকে বাড়িতে থেকে কাজ করতে পারার জন্য সহায়তা করার এই সুযোগ পাওয়ায় আমরা অত্যন্ত আনন্দিত। এটি আমাদের জন্য অনেক বড় সম্পদ। আমাদের মনে হচ্ছে অবশেষে আমরা 21 শতকে পা রাখতে পেরেছি। এই প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত সবাইকে আমরা ধন্যবাদ জানাতে চাই; আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

ডেভেলপমেন্ট অথরিটি অব দ্য নর্থ কান্ট্রি-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কার্ল ই. ফ্যারন, জুনিয়র বলেন, "ConnectALL কর্মসূচির অধীনে পিটকেয়ার্ন ও ডিয়ানা টাউনের অধিবাসীদের জন্য ব্রডব্যান্ড ইন্টারনেট পরিষেবা সরবরাহ করার জন্য সরকারি মালিকানাধীন অবকাঠামো ব্যবহার করতে NYPA-এর সঙ্গে সহযোগী হয়ে কাজ করতে পেরে ডেভেলপমেন্ট অথরিটি উচ্ছসিত। এটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প যা সুবিধাবঞ্চিত অধিবাসীদের কাছে সাশ্রয়ী ব্রডব্যান্ড অবকাঠামোকে পৌঁছে দেবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418